



পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র

বাড়ী নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

ফোনঃ ৫৮১৫১১২৬, ৫৫০১০৪০৫, ০১৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web: www.padakhep.org

স্মারক নংঃ পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০২১/৭০৪

তারিখ : ০৮/০৩/২০২১ খ্রিস্টাব্দ

অফিস সার্কুলার

বিষয় : স্থগিতকৃত কর্মকুশলতা ভাতা, দুপুরের খাবার ভাতা, শহর/হাওর/সমুদ্র উপকূলীয়/দ্বীপ ভাতা এবং শিক্ষা ভাতা প্রদান পুনরায় চালু করণ প্রসঙ্গে।

স্মারক সূত্র : ১) পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০২০/২২৫১, তারিখ : ২৭/০৭/২০২০ খ্রিস্টাব্দ।

২) পদ/পক/এমএফপি/২০২০/১৩৩৬, তারিখ : ০৩/০৬/২০২০ খ্রিস্টাব্দ।

৩) পদ/পক/এমএফপি/২০২০/১০৬৪, তারিখ : ২৯/০৪/২০২০ খ্রিস্টাব্দ।

ক. উপর্যুক্ত স্মারক সূত্র মোতাবেক করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট পরিস্থিতিতে সংস্থার ব্যয় সাশ্রয় বিবেচনায় এপ্রিল, ২০২০ খ্রিস্টাব্দ মাস থেকে সংস্থা প্রদত্ত কতিপয় ভাতা যেমন: কর্মকুশলতা ভাতা (কর্মকুশলতা ভাতা, কর্মদক্ষতা ভাতা, রাইট অফ আদায়ে উদ্দীপনা ভাতা, কর্মোদ্যম ভাতা), দুপুরের খাবার ভাতা, শহর/হাওর/সমুদ্র উপকূলীয়/দ্বীপ ভাতা ও শিক্ষা ভাতা প্রদান স্থগিত রয়েছে।

খ. চলমান কোভিড-১৯ পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হওয়ায় সংস্থার সকল পর্যায়ে কার্যক্রমের গতিশীলতা ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে, তাছাড়া বর্তমানে চাকুরির বাজার প্রতিযোগিতায় টিকে থাকা, কর্মীদের ড্রপআউট হার নিয়ন্ত্রণ, স্টাফ প্রোডাক্টিভিটি বৃদ্ধি, সর্বোপরি কর্মীদের কর্মসম্পত্তি বজায় রাখার লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে স্থগিতকৃত (i) কর্মকুশলতা ভাতা (কর্মকুশলতা ভাতা, কর্মদক্ষতা ভাতা, রাইট অফ আদায়ে উদ্দীপনা ভাতা, কর্মোদ্যম ভাতা), (ii) শহর/হাওর/সমুদ্র উপকূলীয়/দ্বীপ ভাতা এবং (iii) শিক্ষা ভাতা প্রদান পুনরায় চালু করা হলো, যা ০১/০৩/২০২১ খ্রিস্টাব্দ তারিখ থেকে কার্যকর হবে।

গ. অপরদিকে, "দুপুরের খাবার ভাতা" সুবিধা ১৪/০৩/২০২১ খ্রিস্টাব্দ তারিখ থেকে কার্যকর হবে। উল্লেখ্য, প্রধান কার্যালয়, পিআইডিএম এবং পিপিপি এর আওতায় কর্মরত কর্মীদের দুপুরের খাবার পূর্বের ন্যায় PIDM কর্তৃপক্ষ যথারীতি সরবরাহ করবে।

ঘ. এক্ষেত্রে এতদ সংক্রান্ত বিষয়ে ইতিপূর্বে জারিকৃত অফিস আদেশ / সার্কুলার / গাইড লাইন / নির্দেশিকা-তে বর্ণিত নির্দেশনা ও শর্তাবলীর আলোকে এসব ভাতা চালু / প্রদান করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া যাচ্ছে।

স্থগিতকৃত উপর্যুক্ত ভাতা সমূহ পুনরায় চালু করার ফলে কর্মীদের কর্মস্পৃহা বৃদ্ধির পাশাপাশি তারা স্ব স্ব দায়িত্ব পালনের ক্ষেত্রে আরো বেশি অনুপ্রাণিত হবে, যা সংস্থার অভিষ্ট লক্ষ্য অর্জনে সহায়ক হবে বলে কর্তৃপক্ষ আশা করে।

Sbrum

(মোঃ সালেহ বিন সামস)

নির্বাহী পরিচালক

অনুলিপি (সদয় অবগতির জন্য)

প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।

কার্যার্থে অনুলিপি (ই-মেইলে প্রেরিত হলো)

- ১) পরিচালক, মাইক্রোফিন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম উইং ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
- ২) বিভাগীয় ব্যবস্থাপক (সকল), প্রধান কার্যালয়।
- ৩) ব্যবস্থাপক, ICT বিভাগ ও সার্বিক তত্ত্বাবধায়ক, MIS & Reporting ইউনিট, প্রধান কার্যালয় (সংস্থার ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪) উপ ব্যবস্থাপক (ইউনিট প্রধান ও প্যানেল লিডার), সকল, প্রধান কার্যালয়।
- ৫) উপ ব্যবস্থাপক ও প্রধান, পিআইডিএম, প্রধান কার্যালয় (অফিস সার্কুলারের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৬) সহকারী ব্যবস্থাপক ও প্রধান, পদক্ষেপ প্রিন্টিং এন্ড প্যাকেজিং, প্রধান কার্যালয়।
- ৭) জোনাল ম্যানেজার / জোনাল কোঅর্ডিনেটর, সকল জোন।
- ৮) এরিয়া ম্যানেজার / এরিয়া কোঅর্ডিনেটর, সকল এরিয়া।
- ৯) ব্রাঞ্চ ম্যানেজার, সকল ব্রাঞ্চ / সকল প্রকল্প প্রধান অফিস / সকল ব্যবস্থাপনা ইউনিট প্রধানগণ।
- ১০) অন্যান্য সকল কর্মকর্তা / কর্মীবৃন্দ, পদক্ষেপ।
- ১১) অফিস কপি।